# Business Squad

পরীক্ষার নাম: GST Accounting Test-08
সময়: ১৫ মিনিট ০ সেকেন্ড | মোট প্রশ্ন: 20 টি | মোট নম্বর: 20 × 1 = 20
প্রতি সঠিক উত্তরের নম্বর: 1 | প্রতি ভুল উত্তরের জন্য কাটা নম্বর: 0.25

1) শাপলা কোম্পানির নিট চলতি মূলধন ১,৮০,০০০ টাকা এবং চলতি অনুপাত ৩:২। উক্ত কোম্পানির চলতি সম্পত্তির পরিমাণ কত? (Accounting)
A). ৫,৪০,০০০ টাকা
B). ৭২,০০০ টাকা
C). ১,২০,০০০ টাকা
D). ১,০৮,০০০ টাকা
সঠিক উত্তরঃ A). ৫,৪০,০০০ টাকা,

2) ডেনিম লিমিটেডের নিট কার্যকরী মূলধন ৪০,৭৪০ টাকা। কোম্পানির চলতি অনুপাত ৫:২। চলতি সম্পদের পরিমাণ বের করো। (Accounting)
A). ১১,৬৪০ টাকা
B). ২৭,১৬০ টাকা
C). ২৯,১০০ টাকা
D). ৬৭,৯০০ টাকা
সঠিক উত্তরঃ D). ৬৭,৯০০ টাকা,

3) অন্য সব কিছু অপরিবর্তিত থাকলে, নিচের কোন লেনদেনটি চলতি অনুপাতে কোনো প্রভাব ফেলবে না? (Accounting)
A). দীর্ঘমেয়াদি ঋণ নিয়ে চলতি দায় পরিশোধ
B). বিবিধ পাওনাদারকে নগদ প্রদান
C). নগদে স্থায়ী সম্পত্তি বিক্রয়
D). ব্যবসায়িক মজুদ পণ্য নগদে বিক্রয়
সঠিক উত্তরঃ D). ব্যবসায়িক মজুদ পণ্য নগদে বিক্রয়,

4) তারল্য অনুপাত নির্দেশ করে ------। (Accounting)
A). ব্যবসায়র দায় পরিশোধের ক্ষমতা
B). ব্যবসায়র সকল দায় অর্থায়নে আর্থিক সম্পদের প্রাপ্যতা
C). ব্যবসায়র চলতি দায় পরিশোধের ক্ষমতা
D). ব্যবসায়র দীর্ঘমেয়াদি দায় পরিশোধের ক্ষমতা
সঠিক উত্তরঃ C). ব্যবসায়র চলতি দায় পরিশোধের ক্ষমতা,

নাহার হার্ডওয়্যার স্টোরের একটি নির্দিষ্ট বছরে নিট ধারে বিক্রয়ের পরিমাণ ৬৫,০০,০০০ টাকা এবং বিক্রীত পণ্যের ব্যয় ৫০,০০,০০০ টাকা। বছরের শুরুতে এবং শেষে দেনাদারের পরিমাণ ছিল যথাক্রমে ৬,০০,০০০ টাকা ও ৭,০০,০০০ টাকা।

5) উক্ত বছরের দেনাদার আবর্তন (Accounting)
A). ৭.৭ বার
B). ১০.৮ বার
C). ৯.৩ বার
D). ১০ বার
E). ১২ বার
সঠিক উত্তরঃ D). ১০ বার,

Business Squad

6) নিচের কোনটি পরিশোধিত আয়ের অনুপাত? (Accounting)
A). নগদ লভ্যাংশ/নিট মুনাফা
B). নিট মুনাফা/নিট বিক্রয়
C). নিট বিক্রয়/গড় সম্পদ
D). মোট ঋণ/মোট সম্পদ
E). নিট আয়/গড় সম্পদ
সঠিক উত্তরঃ A). নগদ লভ্যাংশ/নিট মুনাফা,

7) চলতি দায় পরিশোধ করার সক্ষমতা কোনটি দিয়ে পরিমাপ করা যায়? (Accounting)
A). ইনভেন্টরি টার্নওভার (মজুদ আবর্তন)
B). সংগ্রহের গড় দিন
C). এসিড টেস্ট অনুপাত
D). বিনিয়োগের উপর অর্জন
সঠিক উত্তরঃ C). এসিড টেস্ট অনুপাত,

8) কোনো কোম্পানির নিট আয় ২৪,০০০ টাকা, নিট বিক্রয় ৪,০০,০০০ টাকা এবং গড় সম্পত্তি ৬,০০,০০০ টাকা। উক্ত কোম্পানির মুনাফার হার কত? (Accounting)
A). ১২%
B). ১০%
C). ৬%
D). ৯%
E). ৬.৫%
সঠিক উত্তরঃ C). ৬%,

9) নিচের কোন সম্পদটি ত্বরিত সম্পদ হিসেবে পরিচিত নয়? (Accounting)
A). নগদ
B). ব্যাংক
C). মজুদমাল
D). প্রাপ্য হিসাব
E). অগ্রিম প্রদত্ত খরচ
সঠিক উত্তরঃ C). মজুদমাল,

10) নিচের কোনটি আর্থিক সচ্ছলতা যাচাইয়ের অনুপাত? (Accounting)
A). মালিকানা অনুপাত
B). স্থায়ী সম্পদ অনুপাত
C). দ্রুত অনুপাত
D). দেনা-মালিকানা অনুপাত
E). মূলধন গিয়ারিং অনুপাত
সঠিক উত্তরঃ D). দেনা-মালিকানা অনুপাত,

Business Squad

একটি কোম্পানির আয় বিবরণীতে করপূর্ববর্তী মুনাফার পরিমাণ ৭,০০,০০০ টাকা এবং আয়কর ২,১০,০০০ টাকা দেখানো হয়েছে। কোম্পানিটি অগ্রাধিকার শেয়ারের ওপর ৫০,০০০ টাকা লভ্যাংশ ঘোষণা করেছে।

11) সাধারণ শেয়ার সংখ্যা ১,০০,০০০ হলে শেয়ার প্রতি আয় **(EPS)** কত? (Accounting)

A). ৪.৪০ টাকা

B). ১.৯০ টাকা

C). ৪.৯০ টাকা

D). ৪.০০ টাকা

সঠিক উত্তরঃ A). ৪.৪০ টাকা,

একটি ব্যবসা প্রতিষ্ঠানের রেওয়ামিলে দেনাদার ২৫,০০০ টাকা, অগ্রিম প্রদান ১০,০০০ টাকা, ব্যাংক জমাতিরিক্ত ৫,০০০ টাকা, পাওনাদার ৮,০০০ টাকা এবং সমাপনী মজুদ ৮,০০০ টাকা।

12) প্রতিষ্ঠানটির কার্যকরী মূলধন কত? (Accounting)

A). ৪২,০০০ টাকা

B). ৪৫,০০০ টাকা

C). ৩০,০০০ টাকা

D). ৫০,০০০ টাকা

সঠিক উত্তরঃ C). ৩০,০০০ টাকা,

কোম্পানির উদ্বৃত্তপত্রে নগদ ১০,০০০ টাকা, মজুদ পণ্য ২০,০০০ টাকা, প্রদেয় বিল ১০,০০০ টাকা, সুনাম ১৫,০০০ টাকা এবং দেনাদার ১০,০০০ টাকা আছে।

13) উক্ত কোম্পানির চলতি অনুপাত কত? (Accounting)

A). ২:১

B). ৩:১

C). ৪:১

D). ১:১

সঠিক উত্তরঃ C). ৪:১,

14) নিচের কোনটি সাধারণত স্বল্পমেয়াদী তারল্যের পরিমাপক হিসেবে সবচেয়ে কম গুরুত্বপূর্ণ? (Accounting)

A). ঋণ অনুপাত

B). চলতি অনুপাত

C). ত্বরিত অনুপাত

D). নগদ অনুপাত

সঠিক উত্তরঃ A). ঋণ অনুপাত,

15) বিক্রীত পণ্যের ব্যয় ৫,০০,০০০ টাকা এবং বিক্রেয় পণ্যের ওপর মুনাফার হার ২০% হলে নিট বিক্রয়ের পরিমাণ কত? (Accounting)

A). ৪,০০,০০০ টাকা

B). ৫,৫০,০০০ টাকা

C). ৬,০০,০০০ টাকা

D). ৬,২৫,০০০ টাকা

সঠিক উত্তরঃ D). ৬,২৫,০০০ টাকা,

Business Squad

16) কোনো কোম্পানির নিট বিক্রয় ৫,০০,০০০ টাকা এবং নিট মুনাফা ১,০০,০০০ টাকা। গড় মোট সম্পত্তি ২০,০০,০০০ টাকা হলে সম্পত্তির ওপর মুনাফার হার কত? (Accounting)
A). ২৫%
B). ৫%
C). ১০%
D). ১৫%
সঠিক উত্তরঃ B). ৫%,

17) মজুদ আবর্তন অনুপাত বৃদ্ধির কারণ (Accounting)
A). মজুদ পণ্যের পরিমাণ হ্রাস কিন্তু বিক্রয় বৃদ্ধি
B). মজুদ পণ্যের পরিমাণ স্থির কিন্তু বিক্রয় হ্রাস
C). মজুদ পণ্যের পরিমাণ ও বিক্রয় উভয়ই বৃদ্ধি
D). মজুদ পণ্যের পরিমাণ বৃদ্ধি কিন্তু বিক্রয় হ্রাস
সঠিক উত্তরঃ A). মজুদ পণ্যের পরিমাণ হ্রাস কিন্তু বিক্রয় বৃদ্ধি,

18) দায়-মালিকানা অনুপাত ১:২.৫। কোম্পানির মালিকানা স্বত্ব ২,৫০,০০০ টাকা হলে মোট সম্পত্তির পরিমাণ কত? (Accounting)
A). ১,৮৭,৫০০ টাকা
B). ৩,৫৭,৫০০ টাকা
C). ৩,৫০,০০০ টাকা
D). ২,৩৭,৫০০ টাকা
সঠিক উত্তরঃ C). ৩,৫০,০০০ টাকা,

19) একটি কোম্পানির চলতি অনুপাত ৩:১ এবং কার্যকরী মূলধন ২৪,০০০ টাকা হলে, চলতি দায়ের পরিমাণ কত? (Accounting)
A). ৮,০০০ টাকা
B). ১২,০০০ টাকা
C). ২৪,০০০ টাকা
D). ৪,৮০০ টাকা
সঠিক উত্তরঃ B). ১২,০০০ টাকা,

20) নিম্নের কোনটি দীর্ঘমেয়াদী সচ্ছলতা বা দায় পরিশোধ ক্ষমতা পরিমাপের জন্য ব্যবহৃত হয়? (Accounting)
A). চলতি অনুপাত
B). ত্বরিত অনুপাত
C). কার্যকরী অনুপাত
D). ঋণ অনুপাত
সঠিক উত্তরঃ D). ঋণ অনুপাত,

© 2026 Business Squad. সর্বস্বত্ব সংরক্ষিত।